দৈনিক ইত্তেফাক

তারিখ 13 APR 1996
পৃষ্ঠা ৬ কলাম ৯

রাজশাহী বিভাগে

# ১৬টি জেলায় ৬ লক্ষ শিশু শিক্ষার আলো হইতে বঞ্চিত

রংপুর সংবাদদাতা ॥ রংপুর জেলাসহ রাজশাহী বিভাগের ১৬টি জেলায় ৬ লক্ষ শিশু শিক্ষার আলো হইতে বঞ্চিত হইতেছে।

এক সরকারী তথ্য অনুযায়ী রংপুর জেলায় স্কুল গমনোপযোগী ৩ লক্ষ ৭০ হাজার ৯৩১ জন শিশুর

— ( ৭ম পৃঃ দ্রঃ )

## ১৬টি জেলায়

( ৩য় পৃঃ পর )

মধ্যে স্কুলে যাতায়াত করে ৩ লক্ষ ২২ হাজার ৩ শত ৬৫ জন। ৪৮ হাজার ৫ শত ৬৭ জন শিশু শিক্ষার আলো হইতে বঞ্চিত হইতেছে। লালমনিরহাট জেলায় ১ লক্ষ ৬২ হাজার ২১ জন শিশুর মধ্যে স্কুলে যাতায়াত করে ১ লক্ষ ৩৯ হাজার ৪২ জন শিশু। নীলফামারী জেলায় স্কুলে যাতায়াত করিয়া থাকে ১ লক্ষ ৯৬ হাজার ৭৩ জন। ২৩ হাজার ৫৫৫ জন শিশু স্কুলে যাতায়াত করে না। কুড়িগ্রাম জেলায় ২ লক্ষ ৮৭ হাজার শিশুর মধ্যে ২ লক্ষ ১৩ হাজার ৩২২ জন শিশু স্কুলে যাতায়াত করিয়া থাকে। গাইবান্ধায় ৩ লক্ষ ৩৯ হাজার ৯ শত ৭৩ জন শিশুর মধ্যে ২ লক্ষ ৭৯ হাজার ৩২৬ জন শিশু স্কুলে যাতায়াত করিয়া থাকে। পঞ্চগড় জেলায় ১ লক্ষ ২৩ হাজার ৯৪৯ জন শিশুর মধ্যে ১ লক্ষ ১০ হাজার ৩১৮ জন শিশু স্কুলে যাতায়াত করিয়া থাকে। ঠাকুরগাঁও জেলায় ১ লক্ষ ৭৫ হাজার ১৫৫ জন শিশুর মধ্যে ১ লক্ষ ৫০ হাজার ৬৮৩ জন শিশু স্কুলে যাতায়াত করিয়া থাকে। দিনাজপুরে ৩ লক্ষ ৬১ হাজার শিশুর মধ্যে ৩ লক্ষ ২২ হাজার ৭৯২ জন শিশু স্কুলে যাতায়াত করিয়া থাকে। সিরাজগঞ্জ জেলায় ৪ লক্ষ ২২ হাজার ৯ শত ৩২ জন শিশুর মধ্যে ৩ লক্ষ ৭০ হাজার ৯৫৭ জন শিশু স্কুলে যাতায়াত করিয়া থাকে। পাবনা জেলায় ৩ লক্ষ ৪৭ হাজার ৮৭৭ জন শিশুর মধ্যে ৩ লক্ষ ৩৬ হাজার ৫৭৮ জন শিশু স্কুলে যাতায়াত করিয়া থাকে। জয়পুরহাট জেলায় ১ লক্ষ ১০ হাজার ৪৬৪ জন শিশুর মধ্যে ৯৬ হাজার ৭৪২ জন স্কুলে যাতায়াত করে। বগুড়া জেলায় ৪ লক্ষ ৯ হাজার ৪৮২ জন শিশুর মধ্যে ৩ লক্ষ ৩৬ হাজার ৫৭৮ জন স্কুলে যাতায়াত করে। চাঁপাইনবাবগঞ্জ জেলায় ১লক্ষ ৮৪ হাজার ৫৯ জন শিশুর মধ্যে ১লক্ষ ৫৯ হাজার ৫৩ জন স্কুলে যাতায়াত করে। নওগাঁও জেলায় ৩ লক্ষ ২১ হাজার ৫ জন শিশুর মধ্যে ২লক্ষ ৮৭ হাজার ২১৪ জন স্কুলে যাতায়াত করে। নাটোর জেলায় ২লক্ষ ২০ হাজার ২৩৩ জন শিশুর মধ্যে ১লক্ষ ৮৫ হাজার ৩৮১ জন স্কুলে যাতায়াত করে। রাজশাহী জেলায় ৩ লক্ষ ২৪ হাজার ৫৮৩ জন শিশুর মধ্যে ২লক্ষ ৯৫ হাজার ১৫০ জন স্কুলে যাতায়াত করে।